বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৯৫

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের প্রতিনিধিদলের সাথে বিএসইসি চেয়ারম্যানের সভা**

আজ ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ঢাকাস্থ মার্কিন দূতাবাসের প্রতিনিধি দলের সাথে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এর মাননীয় চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামের একটি সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁওস্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ভবনে অনুষ্ঠিত উক্ত সভায় ঢাকার মার্কিন দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর Mr. John Fay ও কমার্শিয়াল স্পেশালিস্ট Mr. Abir Barua এবং কমিশনের কর্মকর্তাবৃন্দ অংশ নেন।

সভায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বিপাক্ষিক ব্যবসা-বাণিজ্যের প্রসারসহ নানা বিষয়ে আলোচনা হয়। আলোচনায় দু'দেশের ব্যবসা ও বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণের বিষয়ে মতামত বিনিময় হয়। আলোচনায় পারস্পরিক সহযোগিতার মাধ্যমে উভয় দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের বিষয়টি গুরুত্ব পায়।

বাংলাদেশে সম্ভবনাময় পুঁজিবাজারে যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের বিনিয়োগ কিভাবে বাড়ানো যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। দেশের পুঁজিবাজারে বিনিয়োগ করতে যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের উৎসাহিতকরণ এবং তাদের পোর্টফোলিও বিনিয়োগের বৃদ্ধি নিশ্চিতে করণীয় সম্পর্কে এসময় আলোচনা হয়। বাংলাদেশের সম্ভাবনাময় খাতগুলোর সুযোগকে কাজে লাগিয়ে বাংলাদেশকে যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের জন্য জনপ্রিয় বিনিয়োগ গন্তব্যে পরিণত করার বিষয়টি আলোচনায় উঠে আসে। এসময় উপস্থিত সকলে দ্বিপক্ষীয় বাণিজ্যিক অংশীদারিত্বকে আরও গতিশীল করার বিষয়ে একসাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

বৈঠকে যুক্তরাষ্ট্র দূতাবাসের প্রতিনিধি দল বাংলাদেশে একটি প্রাণবন্ত, গতিশীল ও স্বচ্ছ পুঁজিবাজার সৃষ্টিতে প্রযুক্তিগত উন্নয়ন ও বিশেষ করে সাইবার নিরাপত্তা ঝুঁকি প্রশমনে যুক্তরাষ্ট্রের প্রযুক্তিগত সহযোগিতার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। এসময় আগামী বছরে বিএসইসি ও বিডার যৌথ উদ্যোগে যুক্তরাষ্ট্রে আরেকটি রোড শো আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সভায় ডিএসইর প্রাযুক্তিক উন্নয়নে যুক্তরাষ্ট্রের প্রযুক্তি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নাসডাক টেকনোলজি এবি তথা নাসডাক ওএমএক্স গ্রুপের সহায়তায় পরিচালিত কার্যক্রম আলোচিত হয়। এছাড়াও পুঁজিবাজারের আধুনিকায়ন ও সাইবার নিরাপত্তা ঝুঁকি প্রশমনে আগামীতে যুক্তরাষ্ট্রের বেশকয়েকটি কোম্পানির সাথে বৈঠকের বিষয়টি সভায় নির্দিষ্ট করা হয়।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্র বাংলাদেশের বৃহত্তম রপ্তানি বাজার এবং বাংলাদেশে বিনিয়োগ করা শীর্ষস্থানীয় বিনিয়োগকারী দেশগুলোর মধ্যেও অন্যতম। বিনিয়োগ ও ব্যবসার প্রসারে দু'দেশের আগ্রহ ও উদ্যোগের ফলে আগামীতে দেশের অর্থনীতি ও পুঁজিবাজার আরো গতিশীলতা পাবে এবং সমন্বিত প্রচেষ্টায় দেশের পুঁজিবাজার প্রযুক্তিগতভাবে আরো উন্নত রূপ লাভ করবে বলে আশা করা হচ্ছে।

24-09-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


SEIKO